

১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে বিভিন্ন কোটায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য :-

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বি-ইউনিটে, কলা ও মানববিদ্যা অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউট সমূহে ১ম বর্ষ বি.এ. অনার্স কোর্সে বিভিন্ন কোটায় নিম্নে উল্লেখিত ছাত্র-ছাত্রীদেরকে ভর্তির জন্য মনোনীত করা হলো। তাদেরকে কলা ও মানববিদ্যা অনুষদের অফিসে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষদ উন্নয়ন ফি ও শিক্ষা সহায়ক ফি বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা এবং এস.এস.সি., এইচ.এস.সি./সমমানের পরীক্ষা পাশের মূল নম্বর ফর্দ, মূল রেজিস্ট্রেশন কার্ড, স্ব স্ব কোটার মূল সনদপত্র, ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রার্থীর স্বাক্ষরসহ এককপি ভর্তির প্রাথমিক আবেদন ফরম, স্বাক্ষরসহ বিভাগ পছন্দক্রম ফরম, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র জমা দিয়ে ১ম পর্যায়ে কাজ সম্পন্ন করতে হবে। ২য় পর্যায়ে স্ব স্ব বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ করে অগ্রণী ব্যাংক লি., চ.বি. শাখায় ভর্তি ফি জমা প্রদান করে ব্যাংক রশিদের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ভর্তির যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। অন্যথায়, তাদের ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ভর্তির বিজ্ঞপ্তিতে কোন ভুল-ত্রুটি থাকলে তা সংশোধন করার অধিকার বি-ইউনিট কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকবে।

কোটায় ভর্তির সময়সূচি

কলা ও মানববিদ্যা অনুষদ অফিসে অনুষদ উন্নয়ন ও শিক্ষা সহায়ক ফি এবং মূল ডকুমেন্টস সমূহ জমা দেয়ার তারিখ	২১.১২.২০১৭ থেকে ২৬.১২.২০১৭ পর্যন্ত
স্ব স্ব বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ করে ব্যাংকে ভর্তি ফি জমা দেয়ার তারিখ	২৬.১২.২০১৭ থেকে ২৮.১২.২০১৮ পর্যন্ত

(ড. মো. সেকান্দর চৌধুরী)

ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং:.....

তারিখ: ১৯.১২.২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১. সভাপতি/পরিচালক, কলা ও মানববিদ্যা অনুষদভূক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহ, চ.বি., প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের তালিকা এবং মূল ডকুমেন্টসসমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং শূন্য আসনের হিসাব আগামী ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করছি।
২. প্রভোস্ট, সোহরাওয়ার্দী হল, শামসুন্নাহার হল, প্রীতিলতা হল, জননেত্রী শেখ হাসিনা হল, দেশেন্দ্রী বেগম খালেদা জিয়া হল, চ.বি.
৩. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চ.বি.
৪. কো-অর্ডিনেটর, আই.সি.টি. চ.বি. (অনলাইনে ভর্তির সময়সূচি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি)
৫. হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চ.বি.
৬. ডেপুটি রেজিস্ট্রার (উপাচার্য মহোদয়ের দপ্তর), চ.বি.
৭. ডেপুটি রেজিস্ট্রার (তথ্য), চ.বি. (স্থানীয় ও জাতীয় পত্রিকায় ভর্তির সময়সূচি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।)
৮. ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক), চ.বি.
৯. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর, চ.বি.
১০. ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি., চ.বি. শাখা
১১. বিজ্ঞপ্তি ফলক, কলা ও মানববিদ্যা অনুষদ, চ.বি.

(ড. মো. সেকান্দর চৌধুরী)

ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।